[২৭.১.২.১]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সুবোল বোস মনি<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ২৮ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ; সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : | অনলাইনে ভার্চুয়াল পদ্ধতিতে |

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে সভা ২৮/০৯/২০২০ খ্রিঃ তারিখে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাটি Zoom Platform ব্যবহার করে ভার্চুয়াল পদ্ধতিতে অনুষ্ঠিত হয়। সভায় অধীনে দপ্তর সংস্থার প্রধান/একজন জোষ্ঠ কর্মকর্তা এবং সংস্থার ফোকাল পয়েন্টগণ অনলাইনে সংযুক্ত ছিলেন (তালিকা সংযুক্ত)।

০২। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা) সভার আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি উপস্থিত সকলকে অবহিত করেন যে, সংস্থাসমূহ প্রেরিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাসমূহ পরীক্ষা করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত নির্দেশনার আলোকে সংস্থাসমূহের ২০২০-২০২১ সালের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় যে সকল ত্রুটি/বিচ্যুতি পাওয়া গিয়েছে তা উপস্থাপন করা হয় (সংযুক্ত)।

০৩। দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ তাৎক্ষনিকভাবে তা সংশোধনের প্রতিশ্রুতি দেন। উপসচিব (প্রশাসন-৩) অধিশাখা সবাইকে আরও অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ২০২০-২০২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে সম্প্রতি ২টি নির্দেশ এসেছে। নির্দেশনার বিষয়সমূহ তিনি সকলকে অবহিত করেন। মন্ত্রিপরিষদ বিভাগ প্রেরিত নির্দেশসমূহের প্রথমটি হচ্ছে "কোন যৌক্তিক কারনে সংস্থার ২০২০-২০২১ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা পরিবর্তনের প্রয়োজন হলে স্ব স্ব কার্যালয়ের নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে আগামী ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত সংশোধন করা যাবে। এ নির্দেশনাসমূহ মাঠ পর্যায়ের আঞ্চলিক কার্যালয়ের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।"

০৪। উপসচিব (প্রশাসন-৩) অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখের পত্র নং-০৪.০০.০০০০.৮২২.০৪.০২২.১৬.১৪০: মোতাবেক সংস্থাসমূহ কর্তৃক প্রণিত ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৬.১ ও ৮.১ ক্রমিকের কার্যক্রমসমূহ সংশোধন করতে হবে। সংস্থাসমূহের ৬.১ ক্রমিকের "প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের" পরিবর্তে "প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন/বিভাগে প্রকল্প উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা" হিসেবে প্রতিস্থাপিত হবে এবং ৮.১ ক্রমিকের "স্ব স্ব সেবাদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন" এর পরিবর্তে "স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন/ হালনাগাদকরণ ও বাস্তবায়ন" প্রতিস্থাপিত হবে।

০৫। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক) সংস্থাসমূহ প্রেরিত ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় যে সকল ত্রুটি বিচ্যুতিসমূহ চিহ্নিত করা হয়েছে সেগুলো সংশোধন করে ২০২০-২০২১ সালের কর্মপরিকল্পনা পুনঃ প্রণয়ন করতে হবে;

খ) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং- ০৪.০০.০০০০.৮২২.১৪.০২২.১৬.১৪০; তারিখঃ ২৪/০৯/২০২০ এর নির্দেশনা অনুযায়ী ৬.১ এবং ৮.১ সংশোধন করতে হবে (সংযুক্ত)।

গ) সভার সিদ্ধান্ত এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রয়োজন হলে সংস্থাসমূহের ২০২০-২০২১ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংশোধন করত নৈতিকতা কমিটির অনুমোদনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৬। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(signature) 120

(সুবোল বোস মনি)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
সভাপতি